

## ইথিওপিয়ান এয়ারলাইন্স : অভিষেকে থাকছে বিশেষ ছাড়

- A Monitor Desk Report

Date: 06 October, 2024



ঢাকাঃ আফ্রিকার শীর্ষস্থানীয় এয়ারলাইন্স ইথিওপিয়ান এয়ারলাইন্স ঢাকা থেকে তাদের সকল আন্তর্জাতিক গন্তব্যের জন্য একটি কিনলে একটি ফ্রি টিকিট অফার ঘোষণা করেছে। বাংলাদেশের বাজারে তাদের আনুষ্ঠানিক যাত্রা শুরুর উদযাপনের অংশ হিসেবে এ বিশেষ অফার ঘোষণা দেয়।

এয়ারলাইন্সটি প্রাথমিক অবস্থায় ২ নভেম্বর থেকে সপ্তাহে ৫টি সাপ্তাহিক ফ্লাইট চালু করতে যাচ্ছে আদিস আবাবা-ঢাকা-আদিস আবাবা রুটে। বাংলাদেশে যাত্রা উপলক্ষে ইথিওপিয়ান এয়ারলাইন্স এই অফারটি ৩ থেকে ১৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত চলবে এবং যাত্রীদের ২০ অক্টোবরের মধ্যে টিকিট কিনতে হবে।

ইথিওপিয়ান এয়ারলাইন্সের বাংলাদেশে জেনারেল সেলস এজেন্ট রিদম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সোহাগ হোসেন বলেন, আমরা আমাদের যাত্রীদের জন্য একটি আকর্ষণীয় অফার দেওয়ার পরিকল্পনা করেছিলাম এবং আমরা বিশ্বাস করি এই প্রচারটি বাংলাদেশি যাত্রীদের স্টার অ্যালায়েন্স এয়ারলাইন্সের বিশ্বমানের সেবা উপভোগ করতে উৎসাহিত করবে।

একটি কিনলে একটি ফ্রি টিকিট অফার প্রসঙ্গে তিনি জানান, অফারটি উপভোগের জন্য যাত্রীদের ২০ অক্টোবরের মধ্যে টিকিট কিনতে হবে এবং ১৮ নভেম্বরের মধ্যে ঢাকার ফ্লাইটে উড়তে হবে, তবে যাত্রীরা ফেরার তারিখ নিজের ইচ্ছায় নির্ধারণ করতে পারবেন।

ইথিওপিয়ান এয়ারলাইন্সের বাংলাদেশ কান্ট্রি ম্যানেজার ওয়াহানেস বেকেলে জানান, নতুন এই রুটটি বাংলাদেশি প্রবাসীদের জন্য সুবিধাজনক সংযোগ প্রদান করবে। আদিস আবাবার মাধ্যমে ইউরোপ এবং উত্তর আমেরিকার প্রধান শহরগুলিতে সাস্রয়ী ভাডায় পৌঁছানোর সুযোগ তৈরি হবে। তিনি বলেন, ইথিওপিয়ান এয়ারলাইন্স, আফ্রিকার সবচেয়ে বড় এয়ারলাইন নেটওয়ার্ক। এই রুটে অত্যাধুনিক বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার দিয়ে সেবা পরিচালনা করবে এয়ারলাইন্সটি।

তিনি আরও বলেন, চাহিদা বাডার সাথে সাথে ইথিওপিয়ান এয়ারলাইন্স প্রতিদিনের ফ্লাইট সংখ্যা বাডানোর পরিকল্পনা করেছে। ঢাকার নতুন

বুটটি এয়ারলাইন্সের বৃহৎ নেটওয়ার্ককে সম্প্রসারিত করবে, যার মধ্যে আফ্রিকার ৬৩টিরও বেশি গন্তব্য এবং বিশ্বব্যাপী প্রায় ১৫০টি গন্তব্য অন্তর্ভুক্ত রয়েছে।

যাত্রী, গন্তব্য এবং আয়ের দিক থেকে ১৪৭টি উড়োজাহাজ নিয়ে ইথিওপিয়ান এয়ারলাইন্স আফ্রিকার সবচেয়ে বড় এয়ারলাইন্স। এটি বিশ্বের চতুর্থ বৃহত্তম এয়ারলাইন্স হিসেবে স্বীকৃত, যার সবচেয়ে বেশি সংখ্যক দেশে ফ্লাইট পরিচালনা করে। দক্ষিণ এশিয়ায় ইতোমধ্যেই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা এই এয়ারলাইন্স বেঙ্গালুর, চেন্নাই, দিল্লি, মুম্বাই এবং করাচিতে ফ্লাইট পরিচালনা করছে এবং ঢাকায় তাদের সম্প্রসারণ এশিয়ায় উপস্থিতি শক্তিশালী করার বৃহত্তর কৌশলের অংশ।

**-B**